

রাষ্ট্রপতি না রাষ্ট্রক্ষতি?

লুৎফর রহমান রিটন

রাষ্ট্রপতি রাষ্ট্রপতি
আনুগত্য কাহার প্রতি?
কেমন তোমার মতিগতি?
কোথায় শিক্ষা আর প্রগতি?
কার চরণে সব প্রণতি?
তত্বাবধান করতে গিয়ে হয় কি দেশের পরিণতি!

অন্ধ বধির গৌয়ার তুমি
করছো শুধুই গৌয়ারতুমি
পোষমানা এক পুষি তুমি
দুগ্ধ-মৎস্যে খুশি তুমি
পাচ্ছে মৎস্য খাচ্ছে দুগ্ধ
নাড়াচ্ছে লেজ দারুণ মুগ্ধ
আজ্ঞাবহ মর্যাদাহীন অপকর্মে তোমার না নাই
সংবিধানের বাজিয়ে বারো করছো শুধুই ধানাই পানাই!

ভাগ্য তোমার সুপ্রসন্ন
দুইটি চেয়ার তোমার জন্য!
আসীন তুমি দুইটি পদে
দেশবাসী আজ খুব বিপদে
নিচ্ছে কোথায় দেশটা তুমি?
রাষ্ট্রপতি হবার পরেও প্রধান উপদেষ্টা তুমি!
জ্ঞানপাপী এক পাপেট, গোপন সূঁতোর টানেই নাচছো তুমি
সকল প্রকার নির্দেশনার হাওয়াই দাওয়াই পাচ্ছে তুমি!

সময় ক্ষেপন করছো শুধু
অর্থনীতি বিরান ধু ধু
অবরোধের আঙন জ্বলে
দেশবাসীকে দিচ্ছে ঠেলে—

পারস্পরিক হানাহানি মৃত্যু ও সংঘাতের দিকে
সকল আলো নিভিয়ে দিয়ে কৃষপক্ষ রাতের দিকে!
সিন্দাবাদের ভূত কি তুমি?
উদ্ভট অদ্ভুত কি তুমি?
অনুচ্চ স্বর মিনমিনে সুর নিন্দুকে কয় ধূর্ত তুমি
একনায়কের প্রতীক হয়ে আজকে দেশে মূর্ত তুমি!

মিছিলে মানুষ গুণতে কি পাও?
মিছিলে স্লোগান শুনতে কি পাও?
জনগণের আশাটা কি?
গণদাবির ভাষাটা কি?
আজ জনতার একটা দাবি—
“কখন যাবি কখন যাবি ”?

নও তুমি নও রাষ্ট্রপতি
রাষ্ট্রক্ষতি, রাষ্ট্রক্ষতি.....!

অটোয়া,কানাডা ॥ ০২ ডিসেম্বর ২০০৬
riton100@gmail.com